গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
উন্নয়ন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির একাদশ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ শফিউল আলম |
| সভার তারিখ | : | ১০ অক্টোবর ২০১৭ |
| সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: **পরিশিষ্ট-ক** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচির ওপর আলোচনা অনুষ্ঠানের জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, জনাব এ কে মহিউদ্দিন আহমদ আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচনা:**

**বিষয়-১: দশম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

২। অতিরিক্ত সচিব (সমন্বয়) জানান বিগত সভার কার্যবিবরণী ইতঃপূর্বে মন্ত্রণালয়/বিভাগসসমূহে প্রেরণ করা হয়েছে। তদুপরি টেবিলে উপস্থাপিত ফোল্ডারেও উক্ত কার্যবিবরণীর একটি কপি অন্তর্ভুক্ত রয়েছে। কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত বা সংশোধনী প্রস্তাব থাকলে তা উল্লেখ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় দশম সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে মর্মে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

**বিষয়-২: দশম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

৩। অতিরিক্ত সচিব (সমন্বয়) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির একটি বিবরণ উপস্থাপন করেন। তিনি অবহিত করেন যে, দশম সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি ক্লাস্টার গঠন এবং কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন দু'টি জারি করা হয়েছে। প্রতি দুই মাস অন্তর ক্লাস্টার সভা করার বিষয়ে নির্দেশনা রয়েছে তবে সে মোতাবেক সভা করা সম্ভব না হলেও ক্লাস্টারের ওপর অর্পিত দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় সভাসমূহ যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে কার্যবিবরণী পাওয়া গেছে মর্মে অবহিত করা হয়। অন্যদিকে সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত কর্ম-পরিকল্পনা উপ-কমিটির গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং এ উপ-কমিটি কর্ম-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করেছে।

৪। Civil Registration and Vital Statistics (CRVS)-এর বিষয়ে সিআরভিএস সচিবালয়ের পক্ষ থেকে সকল সচিবের জন্য একটি অবহিতিমূলক কর্মশালা আয়োজন করা সংক্রান্ত গত সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে জানানো হয় যে, উল্লিখিত কর্মশালা আয়োজন সম্ভব হয়নি। তবে বিভিন্ন ফোরামে সচিব মহোদয়গণকে সিআরভিএস সম্পর্কে অবহিত করা হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে এ বিষয়ে কর্মশালা আয়োজন করার বিষয়ে তিনি প্রস্তাব করেন। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং বিবিএস কর্তৃক সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ডাটাবেইজ ও MIS তৈরি করলে CRVS বাস্তবায়ন কমিটি তা সমন্বয়ের দায়িত্ব পালন করবে।

৫। সভাকে জানানো হয় যে, কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির গত সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত ক্ষুদ্রঋণ সংক্রান্ত উপ-কমিটিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগকে অন্তর্ভুক্ত

করা হয়েছে। এছাড়া, ক্ষুদ্রঋণ সংক্রান্ত উপ-কমিটির ধারণাপত্রের আলোকে পাইলট প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব এ বিষয়ে পরবর্তী সভায় অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন মর্মে জানান।

**বিষয়-৩: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর বিষয়ে উপস্থাপনা**

৬। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫ সালে প্রণীত হয়েছে। গত সভায় এর ওপর সংক্ষিপ্ত প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়েছিল। ইতোমধ্যে অনেক সচিব পদে পরিবর্তন সাধিত হয়েছে বিধায় কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অবগতির জন্য পুনরায় একটি সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করা হয়। অতিরিক্ত সচিব (সমন্বয়) পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে এ বিষয়ে একটি সংক্ষিপ্ত উপস্থাপনা তুলে ধরেন। উপস্থাপনার পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর vision ও mission statement-এর বিষয়ে সদস্যগণ মন্তব্য করেন যে ভাষাগতভাবে পরিমার্জনের পাশাপাশি এগুলি আরও সংক্ষিপ্ত হওয়া প্রয়োজন। অভিলক্ষ্যে বর্ণিত কর্মপন্থা রূপকল্প বাস্তবায়নের সঙ্গে যথেষ্ট সামঞ্জস্যপূর্ণ কিনা সে সম্পর্কে প্রশ্ন উত্থাপন করা হলে জানানো হয় যে এ বিষয়ে পরবর্তী সময়ে বিস্তারিতভাবে পর্যালোচনার উদ্দেশ্যে একটি কর্মশালার আয়োজন করা যেতে পারে। অতিরিক্ত সচিব (সমন্বয়) বলেন, যেহেতু জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল একটি চলমান দলিল, সে কারণে এটি পরিমার্জনের সুযোগ রয়েছে। তবে সভায় অভিমত প্রকাশ করা হয় যে, কৌশলপত্রটি মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত বিধায় এটি বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী ভূমিকা পালন করা সমীচীন হবে।

**বিষয়-৪: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণের জন্য অবহিতকরণ কর্মশালার সুপারিশ পর্যালোচনা**

৭। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণের জন্য তিন পর্বে অবহিতকরণ কর্মশালা যথাক্রমে গত ২, ৪ অক্টোবর এবং ৬ ডিসেম্বর ২০১৬ তারিখে জাতীয় সংসদ ভবনে আয়োজন করা হয়। এতে মাননীয় স্পীকার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। কর্মশালায় মাননীয় সংসদ সদস্যগণ সামাজিক নিরাপত্তার বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ সুপারিশ উপস্থাপন করেন। কর্মশালার প্রতিবেদনটি সভার সদস্যগণের অবগতির জন্য উপস্থাপন করা হয়। সভাপতি বলেন যে, মাননীয় সংসদ সদস্যগণ এ কর্মশালায় সামাজিক নিরাপত্তা কার্যক্রম আরও ফলপ্রসূ করার বিষয়ে তাঁদের অভিজ্ঞতার ভিত্তিতে অনেক মূল্যবান পরামর্শ প্রদান করেন। তাঁদের পরামর্শসমূহ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ও অন্যান্য বিধি-বিধানের আলোকে পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া, সভাপতি মহোদয় কর্মশালার প্রতিবেদনটির বিষয়ে আগামী ২০ অক্টোবর তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

**বিষয়-৫: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ এর কর্ম-পরিকল্পনা অনুমোদন**

৮। সভায় অবহিত করা হয় যে, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। উক্ত উপ-কমিটির মূল দায়িত্ব হচ্ছে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা। উপ-কমিটির সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার জনাব এন এম জিয়াউল আলম জানান যে এ বিষয়ে তাঁর কমিটি মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের অংশগ্রহণে প্রায় ১০টি কর্মশালা আয়োজনের মাধ্যমে কর্ম-পরিকল্পনার খসড়া প্রস্তুত করে। এ কর্ম-পরিকল্পনার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের মতামতের পরিপ্রেক্ষিতে এটি হালনাগাদ করা হয়। পরবর্তী সময়ে পাঁচটি থিমেটিক ক্লাস্টারের সভায় এটি পর্যালোচনা করা হয়। পর্যালোচনার পরিপ্রেক্ষিতে কর্ম-পরিকল্পনাটি সংশোধন করা হয়। সর্বশেষ গত ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে মন্ত্রণালয়সমূহের ফোকাল পয়েন্টগণের সভায় কর্ম-পরিকল্পনাটি পুনরায় পর্যালোচনা করা হয়েছে। এর কপি ফোকাল পয়েন্টগণের নিকট মেইলে প্রেরণ করা হয়েছিল। তাঁদের মতামতের পরিপ্রেক্ষিতে কর্ম-পরিকল্পনাটি পুনরায় হালনাগাদ করা হয়। কর্ম-পরিকল্পনার সর্বশেষ সংস্করণ সকলের ফোল্ডারে

সরবরাহ করা হয়েছে মর্মে তিনি জানান। অতঃপর তিনি কর্ম-পরিকল্পনার মূল বিষয় পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে সকলের নিকট ব্যাখ্যা করেন। উপস্থাপনা শেষে কর্ম-পরিকল্পনার ওপর বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ থেকে প্রাপ্ত মতামতের পরিপ্রেক্ষিতে কর্ম-পরিকল্পনাটি চূড়ান্ত করা হয়েছে বিধায় কমিটির সদস্যগণের সর্বসম্মতিক্রমে এটি অনুমোদন করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। যথাশীঘ্র এটি মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এটি সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। এছাড়া, কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

**বিষয়-৬: বিবিধ আলোচনা**

৯। সভায় অবহিত করা হয় যে, সাম্প্রতিক সময়ে শিক্ষা মন্ত্রণালয় বিভক্ত হয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে দুটি আলাদা বিভাগ গঠিত হয়েছে। তাছাড়া, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বিভক্ত হয়ে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ গঠিত হয়েছে। সুতরাং মন্ত্রণালয় দুটির সচিবের পরিবর্তে বিভক্ত বিভাগসমূহের সচিবগণকে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

১০। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় জানান যে, তাঁর মন্ত্রণালয়ে সামাজিক বিমা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম রয়েছে। এ মন্ত্রণালয়কে সামাজিক বিমা ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। বিষয়টি যৌক্তিক বিধায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সামাজিক বিমা ক্লাস্টারে অন্তর্ভুক্ত করার বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন।

১১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় জানান বেসরকারি পেনশনের বিষয়ে তাঁর মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা রয়েছে। সুতরাং এ বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়কে সম্পৃক্ত করার অনুরোধ করেন। বেসরকারি পেনশনের বিষয়টি সামাজিক বিমা ক্লাস্টারের আওতাভুক্ত এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় উক্ত ক্লাস্টারের সদস্য বিধায় উক্ত ক্লাস্টার সভায় বেসরকারি পেনশনের বিষয়ে আলোচনা করার পরামর্শ প্রদান করা হয়।

**সিদ্ধান্ত:**

১২। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্ব সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়:

(১) গত ০৫ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির দশম সভার কার্যবিবরণী সর্মসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হল;

(২) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলটির পর্যালোচনার জন্য একদিন ব্যাপী একটি কর্মশালা আয়োজন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস প্রোগ্রামকে এ বিষয়ে কারিগরি ও অন্যান্য সহযোগিতা প্রাদনের অনুরোধ করা হল;

(৩) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণের জন্য আয়োজিত অবহিতকরণ কর্মশালার প্রতিবেদনের ওপর কমিটির সদস্যগণ আগামী ২০ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে নিজ নিজ মতামত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন;

(৪) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্ম-পরিকল্পনা উপকমিটি কর্তৃক উপস্থাপিত কর্ম-পরিকল্পনাটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। যথাশীঘ্র এটি মূদ্রণ এবং আনুষ্ঠানিকভাবে এর Launching-এর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস প্রোগ্রাম প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

(৫) মন্ত্রিপরিষদ বিভাগ জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের অনুমোদিত কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে;

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে নব গঠিত ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং খ) কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ; এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে নব গঠিত ক) স্বাস্থ্য সেবা বিভাগ এবং ২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর সংশ্লিষ্ট সচিবগণকে উক্ত মন্ত্রণালয় দুটির ভূতপূর্ব সচিবদ্বয়ের

পরিবর্তে কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হল। এ লক্ষ্যে কমিটির প্রজ্ঞাপন সংশোধন করা হবে;

(৭ সিআরভিএস-এর বিষয়ে সকল সচিবের জন্য অবহিতিমূলক কর্মশালা আয়োজনের বিষয়ে গত দশম সভার সিদ্ধান্ত যথাশীঘ্র বাস্তবায়নের জন্য সিআরভিএস সচিবালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

(৮) সামাজিক নিরাপত্তার থিমেটিক ক্লাস্টারসমূহের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য ক্লাস্টার সমন্বয়ক মন্ত্রণালয়সমূহকে নিয়মিত সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল;

(৯) প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সামাজিক বিমা ক্লাস্টারে অন্তর্ভুক্ত করা হল। এ মর্মে সংশ্লিষ্ট প্রজ্ঞাপন সংশোধন করা হবে;

(১০) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গঠিত ক্ষুদ্রঋণ সংক্রান্ত উপ-কমিটির ধারণাপত্রের আলোকে পাইলট প্রকল্প বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে পরবর্তী সভায় সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে অবহিত করবেন।

১৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

১২.১০.১৭

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট-'ক'

১০ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত
সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভা
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মুখ্য সমন্বয়ক — আবুল কালাম আজাদ<br>সিনিয়র সচিব, PMO | | [স্বাক্ষর] ১০.১০.১৭ |
| ২ | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ<br>সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয় | ০১৭৫৫৬১৬৪৬১ | [স্বাক্ষর] |
| ৩। | মোঃ সিরাজুল ইসলাম<br>সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ০১৭০৮-৫৩৭৭৮৪ | [স্বাক্ষর] ১০.১০.১৭ |
| ৪. | মোঃ শহীদ উল্লাহ খন্দকার<br>সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০১৭৬৬৬৯১৮৮৮২ | [স্বাক্ষর] 10/10/17 |
| ৫ | কে এম মোজাম্মেল হক<br>সচিব<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০১৭১১-৫৮৫৪৩ | [স্বাক্ষর] ১০.১০.১৭ |
| ৬ | এন এম জিয়াউল আলম<br>সচিব<br>সমন্বয় ও সংস্কার | 01787 674 997 | [স্বাক্ষর] |
| ৭ | মোঃ আব্দুল জলিল<br>সচিব, ভূমি মন্ত্রণালয়, | 01552353792 | [স্বাক্ষর] 10.10.2017 |
| ৮ | মো: জিয়াউল ইসলাম<br>সচিব, পরিকল্পনা বিভাগ | ০১৭১১১৮৮৮২৬ | [স্বাক্ষর] ১০.১০.১৭ |
| ৯। | মোঃ আলমগীর<br>সচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০১৭১১১৮৮-১১১ | [স্বাক্ষর] ১০.১০.২০১৭ |
| ১০। | অপরূপ চৌধুরী<br>ভারপ্রাপ্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01741301000 | [স্বাক্ষর] ১০/১০/২০১৭ |
| ১১। | আব্দুর রউফ তালুকদার<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | 01715034400 | [স্বাক্ষর] |
| ১২। | মোঃ রইছ উদ্দিন<br>অতিঃ সচিব, স্থানীয় সরকার বিভাগ | ০৮-১২-৯৯৮১৮১ | [স্বাক্ষর] ১০.১০.১৭ |
| ১৩। | ড. কে.এম. [illegible]<br>[illegible] | ০১৭১১-১১৪৭৭৬ | [স্বাক্ষর] ১০-১০-১৭ |

১০ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত

সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভা

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪. | মো: মোকাব্বের হোসেন<br>অতি: সচিব<br>পরিবেশ ও বন মন্ত্রণালয় | 01711-119718 | [signature] |
| ১৫. | কাজী সাখাওয়াত হোসেন<br>যুগ্ম সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | 01772314452<br>jsdev2@mowr.gov.bd | [signature] ১০/১০/১৭ |
| ১৬. | মো: জাহাঙ্গীর আলম<br>যুগ্ম সচিব (F&F), ইআরডি | 01731501595<br>mzalam3@gmail.com | [signature] ১০/১০/১৭ |
| ১৭ | মো: আজিজুল ইসলাম<br>অতি: সচিব [illegible] | 01550153787<br>azizul0175@gmail.com | [signature] ১০/১০/১৭ |
| ১৮ | মো: তৌফিকুল আরিফ<br>যুগ্ম সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | 01711643813<br>towfiqulearif@yahoo.com | [signature] ১০/১০/১৭ |
| ১৯. | [illegible] সুলতানা<br>অতি: সচিব, খাদ্য মন্ত্রণালয় | 01819691272 | [signature] ১০/১০/১৭ |
| ২০. | ড. এন. সিদ্দিকা [illegible]<br>অতি: সচিব Rural dev. minish | 01774235159 | [signature] ১০/১০/২০১৭ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১০ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত
সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভা
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ আসিফ-উজ-জামান সদস্য (সচিব), পরিকল্পনা | ০১৭০০৭৪৪৪২৪ asifuz@yahoo.com | [signature] |
| ২. | মো: জিল্লার রহমান সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয় | 01715973864 zrahman61@yahoo.com | [signature] |
| ৩. | নাছিমা বেগম, সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০১৭১৬২২১০০১ nasimg84@gmail.com | [signature] |
| ৪. | মো: সিরাজুল হক খান সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | 01729272200 | [signature] ১০.১০.২০১৭ |
| ৫. | ~~মোহাম্মদ আব্দুল্লাহ সচিব, শিল্প মন্ত্রণালয়~~ | 01707678678 | [signature] ১০.১০.২০১৭ |
| ৬। | মো: [illegible] সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01709330006 | [signature] |
| ৭। | সুবীর কিশোর চৌধুরী সচিব, [illegible] | 01711824973 | [signature] |
| ৮ | ড. নমিতা হালদার, এনডিসি ভা: সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | 01713042246 | [signature] |
| ৯ | মো: [illegible] অতি: সচিব দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় | 01755618853 | [signature] |
| ১০ | নকিব বিন মাহবুব প্রধান সাধারণ অর্থনীতি বিভাগ, প.ক. | 01711282594 | নকিব-বিন-মাহবুব। |
| ১১. | ড. [illegible] বিশ্বাস অতিরিক্ত সচিব, মা.উ.শি. বিভাগ | ০১৭১১১৬৭৮০ | [signature] ১০.১০.২০১৭ |
| ১২. | রমা রানী রায় অতিরিক্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০১৭১৫০৪০৫৫৫ | [signature] ১০।১০।১৭ |
| ১৩. | সামছুন্নাহার বেগম অতি: সচিব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | 01712990236 | [signature] ১০।১০।১৭ |

১০ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত
সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভা
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক নং | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪ | জাহানারা [illegible]<br>উপসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, | 01716715667 | [signature] ১০.১০.১৭ |
| ১৫ | আমিনুল আরিফিন<br>প্রকল্প ব্যবস্থাপক, এসএসপিএস প্রকল্প, মন্ত্রিপরিষদ বিভাগ | ০১৭১৫ ১০৫৫৭৬ | [signature] ১০.১০.২০১৭ |
| ১৬ | [illegible] ইসলাম<br>প্রকল্প পরিচালক/[illegible] | ০১৭১১ ৬১৩ ৮৪৫ | [signature] |
| ১৭ | খন্দকার মনোয়ার মোর্শেদ<br>[illegible] | | [signature] |
| ১৮ | মুহা: [illegible]<br>সিনিয়র সহকারী সচিব | | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |